প্রথম আলো

তারিখ ... 0 8-SEP-2008
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২

ডিগ্রি পরীক্ষার ফল প্রকাশ

# চূড়ান্ত পরীক্ষায় পাসের হার ৫৭ শতাংশ

বিশেষ প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০০৭ সালের ডিগ্রি পাস, সাবসিডিয়ারি ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার (প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বর্ষ) ফলাফল প্রকাশিত হয়েছে। গতকাল রোববার-বিকেল চারটায় সারা দেশে একযোগে এই ফল প্রকাশিত হয়। পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার তিন মাসের মধ্যে ডিগ্রি পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে বলে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছে।

সারা দেশে এক হাজার ৩৮০টি কলেজের মোট দুই লাখ ২৪ হাজার ৬০০ ছাত্রছাত্রী ডিগ্রি পাস, সাবসিডিয়ারি ও সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশ নেন। এর মধ্যে মোট উত্তীর্ণ হয়েছেন এক লাখ ৮৪ হাজার ৪৯৯ জন।

চূড়ান্ত পরীক্ষায় মোট পরীক্ষার্থী ছিলেন ৬৭ হাজার ৯৫ জন। তাঁদের মধ্যে উত্তীর্ণ হয়েছেন ৩৮ হাজার ২৩৬ জন। চূড়ান্ত পরীক্ষায় গড় পাসের হার ৫৬ দশমিক ৯৯ শতাংশ। বিএ পরীক্ষায় মোট পরীক্ষার্থী ছিলেন ৪৩ হাজার ৪০২ জন, পাসের হার ৫৩ দশমিক ২২ শতাংশ। প্রথম বিভাগ পেয়েছেন ৭৭১ জন পরীক্ষার্থী।

বিএসএসে মোট পরীক্ষার্থীর সংখ্যা পাঁচ হাজার ৮১৬ জন, পাসের হার ৫৯ দশমিক ২৫ শতাংশ। প্রথম বিভাগ পেয়েছেন ৯৫ জন।

বিকম/বিবিএসে পরীক্ষার্থীর সংখ্যা ১৪ হাজার ৫৮০ জন, পাসের হার ৬৩ দশমিক ৭০ শতাংশ। প্রথম বিভাগ পেয়েছেন ৩৯১ জন।

## ডিগ্রি পরীক্ষার ফল প্রকাশ

প্রথম পৃষ্ঠার পর

বিএসসি পরীক্ষায় মোট পরীক্ষার্থী ছিলেন তিন হাজার ২৪৪ জন। পাসের হার ৭৩ দশমিক ৩০ শতাংশ। প্রথম বিভাগ পেয়েছেন ৩৫৭ জন। এ ছাড়া বিমিউজ ও বি. স্পোর্টস পরীক্ষার ফলও গতকাল প্রকাশিত হয়েছে।

ডিগ্রি প্রথম বর্ষ পরীক্ষায় মোট পরীক্ষার্থী ছিলেন ৮৩ হাজার ৭৭৬ জন, উত্তীর্ণ হয়েছেন ৭৮ হাজার ১৮০ জন। পাসের হার ৯৩ দশমিক ৩২ শতাংশ। দ্বিতীয় বর্ষে মোট পরীক্ষার্থী ছিলেন ৭১ হাজার ৫০৬ জন, উত্তীর্ণ হয়েছেন ৬৭ হাজার ৫১ জন, পাসের হার ৯৩ দশমিক ৭৭ শতাংশ।

ফলাফল জেলা প্রশাসকদের মাধ্যমে সব কলেজে পাঠানো হয়েছে। এ ছাড়া জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.edu.bd এবং www.nuresults.net থেকেও ফলাফল জানা যাবে। মুঠোফোন থেকে এসএমএস করেও ফলাফল জানা যাবে। এ ক্ষেত্রে মেসেজ অপশনে গিয়ে nu<space>deg<space>roll লিখে ৪৬৩৬ নম্বরে পাঠাতে হবে।

ঢাকা উইমেন ইউনিভার্সিটি কলেজ ডিগ্রি (পাস) পরীক্ষায় ভালো ফল করেছে। ওই কলেজের অধ্যক্ষ এ এফ এম নজরুল মজিদ এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানান, কলেজের নয়জন ছাত্রী প্রথম বিভাগ পেয়েছেন। এ ছাড়া ডিগ্রি পরীক্ষার সম্মিলিত মেধা তালিকায় এই কলেজের ছাত্রী নিগার সুলতানা নবম এবং [illegible] স্থান অধিকার করেছেন।